

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১১০

৩২/ ফারাইয (ﷺ)

পরিচ্ছেদঃ মুসলিম ও কাফিরের মাঝে মীরাছ সত্ব বাতিল।

باب ما جاء في إبطال الميراث بين المسلم والكافر

আরবী

حَدَّتَنَا سَعِيدُ بِن عَبْدِ الرَّحْمَنِ الْمَخْزُومِيُّ، وَغَيْرُ، وَاحِد، قَالُوا حَدَّتَنَا سُفْيَانُ، عَن الزُهْرِيِّ، ح وَحَدَّتَنَا عَلِيُّ بِن حُجْر، أَخْبُرنَا هُشَيْمٌ، عَنِ الْزُهْرِيِّ، عَنْ عَلِيّ بِن حُسَيْن، عَنْ الْزُهْرِيِّ، حَ وَحَدَّتَنَا الله عليه وسلم قَالَ " لاَ يَرِثُ الْمُسْلِمُ الْكَافِرَ وَلاَ الْكَافِرُ الْمُسْلِمَ " . حَدَّتَنَا ابْنُ أَبِي عُمَرَ حَدَّتَنَا سُفْيَانُ حَدَّتَنَا الزُهْرِيُّ الْمُسْلِمُ الْكَافِرَ وَلاَ الْكَافِرُ الْمُسْلِمَ " . حَدَّتَنَا ابْنُ أَبِي عُمَرَ حَدَّتَنَا سُفْيَانُ حَدِيثٌ حَسَنٌ الْمُسْلِمُ الْكَافِرَ وَلاَ الْكَافِرَ وَلاَ الْكَافِرُ الْمُسْلِمَ " . حَدَّتَنَا ابْنُ أَبِي عُمَرَ حَدَّتَنَا سُفْيَانُ حَديثٌ حَسَنٌ الْحُوهُ . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ وَعَبْدِ اللّهِ بْنِ عَمْرٍ و . وَهَذَا حَديثٌ حَسَنٌ صَحِيحٌ هَكَذَا رَوَاهُ مَعْمَرٌ وَغَيْرُ وَاحِد عَنِ الزُّهْرِيِّ نَحْوَ هَذَا . وَرَوَى مَالِكٌ عَنِ الزُهْرِيِّ مَعْمَرِ فَكُمْ اللهُ عليه عَنْ عَلِيّ بْنِ حُسَيْنِ عَنْ عُمْرَ بْنِ عُثْمَانَ عَنْ أُسَامَةَ بْنِ زَيْد عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَهُ وَحَدِيثُ مَالِكُ وَهُمٌ وَهِمَ فِيهِ مَالِكٌ وَقَدْ رَوَاهُ بَعْضُهُمْ عَنْ مَالِكُ فَقَالَ عَنْ عَلْمِ الْهُ عَلْمَ الْعُلْمِ فِي عَمْرَ بْنُ عُثُمَانَ وَأَكْثُرُ أَصَحْابِ مَالِكُ قَالُوا عَنْ مَالِكُ عَنْ عُمْرَ بْنُ عُثْمَانَ وَعَمْرُو بْنُ عُمْرَ الْمُسْلِمِينَ وَاللّهُ عِيهُ مَنْ الْمُسْلِمِينَ . وَقَالَ بَعْضُهُمْ لاَ يَرِثُ لَالله عليه وسلم وَغَيْرِهِمُ الْمَالَ لِوَرَثَتِهِ مِنَ الْمُسْلِمِينَ . وَقَالَ بَعْضُهُمْ لاَ يَرِثُهُ وَرَثَتُهُ مِنَ الْمُسْلِمِينَ وَالْمُسْلِمِينَ . وَقَالَ بَعْضُهُمْ لاَ يَرِثُ لَلهُ وَرَثَتُهُ مِنَ الْمُسْلِمُ الْمُسْلِمُ الْمُسْلِمُ الْمُسْلِمُ الْمُسْلِمُ الْمُسْلِمُ اللهَ عليه وسلم وَغَيْرِهِمُ الْمَالَ لِورَتَتِهِ مِنَ المُسْلِمُ الْمُسْلِمُ الْم

বাংলা

২১১০. সাঈদ ইবন আবদুর রহমান মাখযুমী প্রমুখ এবং আলী ইবন হুজর (রহঃ) ... উসামা ইবন যায়দ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মুসলিম কোন কাফিরের এবং কাফির কোন মুসলিমের ওয়ারিছ হবে না। সহীহ, ইবনু মাজাহ ২৭২৯, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২১০৭



[আল মাদানী প্রকাশনী]

ইবন আবূ উমার (রহঃ) ... যুহরী (রহঃ) থেকে অনুরূপ বর্ণিত আছে। এ বিষয়ে জাবির এবং আবদুল্লাহ ইবন আমর রাদিয়াল্লাহু আনহুমা থেকে অনুরূপ হাদীস বর্ণিত আছে।

এ হাদীসটি হাসান-সহীহ। মা'মার (রহঃ) প্রমুখও এটিকে যুহরী (রহঃ) এর বরাতে অনুরূপ বর্ণনা করেছেন। মালিক (রহঃ) এটিকে যুহরী-আলী ইবন হুসায়ন-উমার ইবন উসমান-উসামা ইবন যায়দ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে অনুরূপ বর্ণনা করেছেন। মালিক (রহঃ)-এর রিওয়ায়াত বিভ্রান্তিপূর্ণ। এতে মালিকেরই বিভ্রান্তি হয়েছে। কোন কোন রাবী মালিক (রহঃ)-এর বরাতে রিওয়ায়াত করেছেন এবং রাবীর নাম (উমার এর স্থলে) আমর ইবন উসমান বলে উল্লেখ করেছেন। মালিক (রহঃ)-এর অধিকাংশ শাগরিদ বলেছেন মালিক উমার ইবন উসমান। উসমান রাদিয়াল্লাহু আনহু-এর সন্তানদের মাঝে প্রসিদ্ধ হল আমর ইবন 'উসমান ইবন' আফফান। 'উমার ইবন 'উসমান বলে আমরা কাউকে চিনি না।

এ হাদীসটি অনুসারে আলিমগণের আমল রয়েছে। আলিমগণ মুরতাদ (ইসলাম ত্যাগীকারী)-এর মীরাছ সম্পর্কে মতবিরোধ করেছেন। কোন কোন সাহাবী ও অপরাপর বিশেষজ্ঞ আলিম তার সম্পদ তার মুসলিম ওয়ারিছদের প্রাপ্য বলে মত দিয়েছেন। আর কতক আলিম বলেন তার কোন মুসলিম ওয়ারিছ তার মীরাছের ওয়ারিছ হবে না। তারা দলীল হিসাবে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এ হাদীস পেশ করেন যে, মুসলিমরা কাফিরদের ওয়ারিছ হবে না। এ হল ইমাম শাফিন্ট (রহঃ)-এর অভিমত।

English

Usamah bin Zaid narrated that the Messenger of Allah(S.A.W) said: "The Muslim does not inherit from the disbeliever, nor the disbeliever from the Muslim."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37465

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন